

মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট।

বিষয় : জেলা প্রশাসক সম্মেলন ২০১১ এর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

(ক) স্বল্প মেয়াদী

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১	২	৩
	মোংলা বন্দরের নিকট ভূমি উন্নয়ন কর বাবদ সরকারের পাওনা ৫ কোটি টাকা আদায়ের জন্য মন্ত্রণালয়ের প্রস্তাব প্রেরণ করা হলে মন্ত্রণালয় আদায়ের ব্যবস্থা গ্রহণ করবে।	মোট ১০টি এল, এ কেসের মাধ্যমে মোংলা উপজেলার বিদ্যারবাওন দিগরাজ, গলাচিপা দিগরাজ, ভাটেরাবাদ বুড়িরডাঙ্গা ও কামার ডাঙ্গা মৌজায় অধিগ্রহণকৃত ২০৬৮.৮৩ একর ভূমির মধ্যে ১৪৭৯.৭১ একর ভূমি বর্তমানে মবক এর ব্যবহারে/দখলে আছে। বর্ণিত জমির বকেয়াসহ ১৪২২ সালের ভূমি উন্নয়ন কর বাবদ মোট ৪,৩৭,৯২,৬১২/- টাকা সহকারী কমিশনার (ভূমি), মোংলা, বাগেরহাট কর্তৃক ০২/১১/২০১৫ ইং তারিখে দাবি করা হয়। উক্ত দাবির প্রেক্ষিতে গত ২৯/০২/২০১৬ তারিখে মোট ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকা পরিশোধ করা হয়েছে। মবক এর অনুকূলে অধিগ্রহণকৃত জমির একর প্রতি বাণিজ্যিকহারে কর নির্ধারণের পরিবর্তে ব্যবহার ভিত্তিক কর নির্ধারণের বিষয়ে ০৪/১০/২০১৬ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে পুনঃপ্রস্তাব প্রেরণ করা হয়েছে।  ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার চাহিদা অনুযায়ী হাল ১৪২৫ সনের ভূমি উন্নয়ন কর ইতোমধ্যে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার অনুকূলে পরিশোধ করা হয়েছে।

(খ) মধ্যমেয়াদী

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	সিদ্ধান্ত বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি
১।	পশুর নদী ড্রেজিং এর জন্য গৃহীত প্রকল্পের কার্যক্রম শুরু করতে হবে।	মোংলা বন্দর কর্তৃপক্ষ।	<b>পশুর নদীর নাব্যতা বৃদ্ধির জন্য ড্রেজিং কার্যক্রমঃ</b> <ul style="list-style-type: none"> <li>মোংলা বন্দর চ্যানেলে ২০০৯ সাল হতে ৮০ লক্ষ ঘনমিটার ড্রেজিং করা হয়েছে।</li> <li>আউটার বার ও জয়মনিরগোল এলাকায় এবং মোংলা বন্দর হতে রামপাল বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত প্রায় ১১৭.৩১ লক্ষ ঘনমিটার ড্রেজিং কাজের জন্য ০২টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে।</li> <li>নিজ অর্থায়নে জেটি সম্মুখে ৩.৬০ লক্ষ ঘনমিটার এবং হিরনপয়েন্ট এর নীলকমল খালে ১.৯০ লক্ষ ঘনমিটার ড্রেজিং কাজ করা হয়েছে।</li> <li>এছাড়া “ পশুর চ্যানেলে ইনারবারে ড্রেজিং” শীর্ষক একটি প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াধীন আছে। প্রকল্পটির অধীনে প্রায় ২১৬.০৯ লক্ষ ঘনমিটার ড্রেজিং কাজ সম্পন্ন করা হবে।</li> </ul>

স্বাক্ষরিত/ ০৪-০৮-১৯  
পরিচালক (প্রশাসন)